

🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ৭

💵 আরবি মূল আয়াত:

وَ إِنَّهُ عَلَى ذَٰلِكَ لَشَهِيدٌ ﴿٧﴾

আর নিশ্চয় সে এর উপর (স্বয়ং) সাক্ষী হয়। — আল-বায়ান
আর সে নিজেই (নিজের কাজ-কর্মের মাধ্যমে) এ বিষয়ের সাক্ষী। — তাইসিরুল
এবং নিশ্চয়ই সে নিজেই এ বিষয়ের সাক্ষী। — মুজিবুর রহমান
And indeed, he is to that a witness. — Sahih International

৭. আর নিশ্চয় সে এ বিষয়ে সাক্ষী(১),

(১) এখানে 'সে' বলে বোঝানো হচ্ছে, মানুষ নিজেই এ বিষয়ে সাক্ষী। এ সাক্ষ্য নিজ মুখেই প্রকাশ করতে পারে, আবার কাজ-কর্ম ও অবস্থার মাধ্যমেও প্রকাশিত হতে পারে। এর আরেকটি অর্থ হতে পারে যে, আল্লাহ্ তা'আলা মানুষের এ অকৃতজ্ঞতার ব্যপারে সাক্ষী। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৭। এবং নিশ্চয়ই সে নিজেই এ বিষয়ে সাক্ষী। [1]

[1] অর্থাৎ, মানুষ স্বয়ং নিজের অকৃতজ্ঞতার সাক্ষ্য দেয়। কেউ কেউ الله (সে) সর্বনামের বিশেষ্য বা সাক্ষ্য-ক্রিয়ার কর্তা আল্লাহকে বুঝেছেন। কিন্তু ইমাম শাওকানী প্রথম অর্থকেই বলিষ্ঠ বলেছেন। কেননা, পরবর্তী সর্বনামের বিশেষ্য মানুষই। এ আয়াতেও মানুষ উদ্দেশ্য হওয়াটাই অধিক সঠিক।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6153

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন